

আবশ্যিক

স্থাপত্য পরামর্শক

(Architectural Consultant)

দেশের প্রতিষ্ঠিত স্বনামধন্য আর্কিটেক্টচারাল ফার্ম, প্রিন্সিপাল আর্কিটেক্ট হিসাবে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ও কমপক্ষে ২,০০০ মুসল্লী ধারণ ক্ষমতা সম্পন্ন মসজিদ নির্মাণের পূর্ব অভিজ্ঞতা সম্পন্নকারীদেরকে গুলশান সেন্ট্রাল মসজিদ এন্ড ঈদগাহ সোসাইটি, ১১১ গুলশান এভিনিউ, ঢাকায় বিদ্যমান ঐতিহ্যবাহী স্থাপত্যশৈলী বজায় রেখে ভবিষ্যত পরিকল্পনা নিয়ে মসজিদের সীমানার মধ্যে ইহার মাষ্টার প্লান, বেজমেন্টসহ ঈদগাহ প্লান, মাল্টিপারপাজ হাই রাইজ বিল্ডিং, এ্যাপার্টমেন্ট বিল্ডিং, প্রয়োজনীয় এসক্যালের/ এলিভেটরসহ মসজিদ সম্প্রসারণ, মেইন গেট ও বাউন্ডারী ওয়াল, ল্যান্ড স্কেপিং ইত্যাদি কাজের প্রাথমিক ধারণাগত পরিকল্পনা (Conceptual Plan) ও খাত ভিত্তিক দরপত্র/কোটেশান আগামী ২৮শে জুন ২০২৬ইং তারিখের মধ্যে মসজিদের অফিসে হার্ডকপি ও সফটকপি সরাসরি অথবা ই-মেইলে (gcmisbd@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন- <https://gcmisbd.org/e-tender-notice/>, অথবা যোগাযোগ করুন- আবু সাঈদ, মোবাইল- ০১৭১২-৫৮৮১৭৫।

আর্কিটেক্ট কনসালটেন্ট হিসাবে প্রতিষ্ঠানের যোগ্যতা ও শর্তসমূহ :

- ১) প্রতিষ্ঠিত আর্কিটেক্টচারাল ফার্মকে অবশ্যই প্রোপাইটারশীপ/পার্টনারশীপ ফার্ম/লিমিটেড কোম্পানী হতে হবে;
- ২) প্রিন্সিপাল আর্কিটেক্ট কে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং কমপক্ষে ২,০০০ মুসল্লী ধারণ ক্ষমতা সম্পন্ন মসজিদ তৈরীর পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে;
- ৩) প্রতিষ্ঠানের নামে ই-টিন/ট্রেড লাইসেন্স (আপডেট), জনবল এবং অফিস আয়তন (বর্গফুট) ও পূর্ব অভিজ্ঞতাসহ কোম্পানী প্রোফাইল জমা দিতে হবে;
- ৪) সকল নথিপত্র/প্রস্তাব পৃথক পৃথকভাবে দুইটি আঠায়ুক্ত খামের মাধ্যমে জমা দিতে হবে, যথা-
ক) কারিগরি খাম (Technical Envelope), খ) আর্থিক খাম (Financial Envelope);
- ৫) প্রতিটি কাজের জন্য কনসালটেন্সি ফি পৃথকভাবে উল্লেখ করতে হবে এবং প্রতিটি কাজের কনসেপ্টচুয়াল প্লান এবং ডিটেইল প্লান এর জন্য পৃথকভাবে ফিস/পারিশ্রমিক/হাদিয়া উল্লেখ করতে হবে (ছক দ্রষ্টব্য)।
- ৬) কেবল মাত্র টেকনিক্যালি সাউন্ড ও যোগ্য হিসাবে বিবেচিত দরপত্র দাতার ফাইন্যান্সিয়াল অফার খোলা হবে;
- ৭) অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে;
- ৮) আর্কিটেক্ট নির্বাচনের ক্ষেত্রে এবং অন্যান্য বিষয়ে সংশ্লিষ্ট মসজিদ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে। যেকোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অধিকার ও ক্ষমতা মসজিদ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ৯) দরপত্র দাখিলের শেষ সময় ২৮শে জুন ২০২৬ইং সময় রাত ৮:০০টা।
- ১০) ৬ই জুন ২০২৬ইং শনিবার বিকাল ৩:০০টায় অংশগ্রহণকারী আর্কিটেক্টদের সঙ্গে Q & A (Question and Answer) সেশন হবে।

প্রস্তাবিত পরিকল্পনার সারসংক্ষেপ :

মাষ্টার প্লান :

বৃহত্তর এই মসজিদ কমপ্লেক্স-এ নামাজ ছাড়াও বিভিন্ন স্থাপনাসমূহ ইসলামিক ও সামাজিক কাজে ব্যবহার করা হবে। তার জন্য আধুনিক সুযোগ সুবিধা বিদ্যমান থাকা আবশ্যিক। মাষ্টার প্লানে যেসকল বিষয়/পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকতে হবে, সেগুলো হলো-

- ১) বেজমেন্টসহ ঈদগাহ, পর্যাপ্ত গাড়ী ও মোটরসাইকেল পার্কিং সুবিধা সম্বলিত।
- ২) মসজিদ সম্প্রসারণ করা যাতে অতিরিক্ত ৭,০০০ জন মুসল্লী একত্রে নামাজ আদায় করতে পারে।
- ৩) মাল্টিপারপাস মাল্টিস্টোরেয়েড বিল্ডিং থাকবে যেখানে বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য জায়গা থাকবে যেমন- হিফজখানা (১০০ জন), মেডিকেল সেন্টার (সাধারণ চিকিৎসা বিভাগ, চক্ষু বিভাগ, ডেন্টাল বিভাগ এবং ডায়াবেটিস বিভাগ), আধুনিক লাইব্রেরী, ইসলামিক রিসার্চ সেন্টার, সীরাত মিউজিয়াম, ইসলামিক একাডেমী (১০০ জন), গবেষণাগার, এ্যাপার্টমেন্ট ইত্যাদি।

বেজমেন্টসহ ঈদগাহ :

মসজিদ এরিয়ার ভিতর ইহার উপযুক্ত অবস্থান নির্ধারণ (লোকেশান) অর্থাৎ কোথায় হবে। উপরের (সারফেস) সবুজ বাগান থাকবে। দুই/তিনটি বেজমেন্ট থাকবে। কার পার্কিং দুটি বেজমেন্টে সারফেসসহ ৪০০ অধিক হবে। পর্যাপ্ত সংখ্যক গাড়ীর এন্ট্রি/এক্সিট থাকতে হবে, পুরুষ/মহিলা পৃথক ব্যবস্থা থাকবে, অজুখানা ও টয়লেট থাকবে। ঈদগাহে সর্বমোট ৭,০০০(সাত হাজার) মুসল্লীর জায়গার ব্যবস্থা থাকতে হবে এবং অন্যান্য আনুসঙ্গিক সুযোগ সুবিধা থাকতে হবে।

List of the Financial Offer

Sl.	Item/Plans	Conceptual Plan 3Ds (Tk.)	Detail Working Plan (Tk.)	Remarks/ Notes
1.	Master Plan			
2.	Eidgah with basement Plan (East side)			
3.	Masjid Extension Plan			
4.	Multipurpose High-rise Building (west side)			
5.	Apartment Building (s)			
6.	Main Gate, other gates and Boundary wall			